



## নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত ভাসমান বিদ্যালয় প্রকল্পের শিক্ষা কর্মসূচির আওতায় কিশোরগঞ্জ জেলার নিকলি উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে প্রজেক্ট অফিসার পদে আত্রহী যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : প্রজেক্ট অফিসার

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলা।

### দায়িত্ব ও কর্তব্য:

- প্রকল্পের সাথে সমৃক্ত উপকারভোগী এবং প্রকল্পের অন্যান্য কর্মীদের সাথে কার্যকরী যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে সামাজিক কার্যক্রম বাস্তবায়ন, জরিপ কার্য সম্পাদন, প্রকৃত বিদ্যালয় বহির্ভূত শিশুর তালিকা প্রস্তুতকরণ, শিশু যাচাই বাছাই পূর্বক উপযুক্ত শিক্ষার্থী ভর্তি, সিএমসি গঠন, পাঠ্যপুস্তক ও উপকরণ সরবরাহ কর্মকাণ্ড বাস্তবায়ন করা।
- শিক্ষক প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণ পরিচালনা করা।
- নিয়মিত সুপারভিশন করা।
- মাঠপর্যায়ে সিএমসি সভা ও অভিভাবক সভা নিশ্চিতকরণ।
- মাসিক কর্মী সভা ও শিক্ষক রিফ্রেশার্স প্রশিক্ষণ নিশ্চিতকরণ।
- উপজেলা পর্যায়ের কর্মসূচি সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ।
- শিক্ষার্থী মূল্যায়ন, পাঠদানের অগ্রগতি নিরূপণ ও নিয়মিত বিদ্যালয় পরিদর্শন নিশ্চিতকরণ।
- নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ও মনিটরিং প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা।
- প্রকল্পের আওতায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা।
- ইউনিয়ন/উপজেলা পর্যায়ে ইস্যুভিত্তিক এডভোকেসী কার্যক্রম পরিচালনা করা।
- কর্মএলাকায় প্রয়োজনানুসারে হেলথ ক্যাম্প এর আয়োজন করা।
- অফিসিয়াল রেকর্ড পত্র হালনাগাদ রাখা।
- প্রকল্পের প্রয়োজনে এবং সংস্থা কর্তৃক অর্পিত অতিরিক্ত দায়িত্ব পালন করা।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ১-২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

### অন্যান্য শর্তাবলী :

- কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে।
- শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- বৈধ লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

বেতন : ২৪,০০০/-। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

আত্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১৫/০৭/২০২৪ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: [hr@popibd.org](mailto:hr@popibd.org)। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু নির্ধাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”

web: [www.popibd.org](http://www.popibd.org)